

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.৯৯.০২১.২০- ১২৫

তারিখ: ০৬.০৯.২০২১

বিষয়: ওমিক্রন রোধে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের নতুন ধরণ ওমিক্রনের বিস্তার রোধে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ কঠোরভাবে পালনের জন্য এলজিইডি'র সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীকে অনুরোধ করা হলো:

- (১) ওমিক্রন আক্রান্ত দেশ থেকে আগত যাত্রীদের বন্দরে স্বাস্থ্য পরীক্ষা ও স্ক্রিনিং জোরদার করতে হবে।
- (২) সকল ধরনের (সামাজিক/রাজনৈতিক/ধর্মীয় ও অন্যান্য) জনসমাগম নিরুৎসাহিত করতে হবে।
- (৩) প্রয়োজনে বাইরে গেলে প্রত্যেক ব্যক্তিকে বাড়ির বাইরে সর্বদা সঠিকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরাসহ সকল স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে।
- (৪) রেস্টোরাঁয় বসে খাওয়ার ব্যবস্থা ধারণক্ষমতার অর্ধেক বা তার কম করতে হবে।
- (৫) সকল প্রকার জনসমাবেশ, পর্যটন স্থান, বিনোদন কেন্দ্র, রিসোর্ট, কমিউনিটি সেন্টার, সিনেমা হল/থিয়েটার হল ও সামাজিক অনুষ্ঠানে (বিয়ে, বৌভাত, জন্মদিন, পিকনিক, পার্টি ইত্যাদি) ধারণক্ষমতার অর্ধেক বা তার কম সংখ্যক লোক অংশগ্রহণ করতে পারবে।
- (৬) মসজিদসহ সকল উপাসনালয়ে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।
- (৭) গণপরিবহনে স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।
- (৮) আক্রান্ত দেশ থেকে আগত যাত্রীদের ১৪ দিন কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে।
- (৯) সব শিক্ষাপ্রতিষ্ঠান (সকল মাদরাসা, প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকসহ শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টারে স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।
- (১০) সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে সেবাপ্রদানকারী ও স্বাস্থ্যকর্মীদের সর্বদা সঠিকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরাসহ সকল স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।
- (১১) যারা এখনো কোভিড-১৯ এর টিকা গ্রহণ করেননি টিকাকেন্দ্র গিয়ে তাদের কোভিড-১৯ এর ১ম ও ২য় ডোজ নিতে হবে।
- (১২) করোনা উপসর্গ/লক্ষণযুক্ত সন্দেহজনক ও নিশ্চিত করোনা রোগীর আইসোলেশন ও করোনা পজিটিভ রোগীর ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদের কোয়ারেন্টাইনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- (১৩) কোভিড-১৯ এর লক্ষণযুক্ত ব্যক্তিকে আইসোলেশনে রাখা এবং তার নমুনা পরীক্ষার জন্য স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে সহায়তা করা যেতে পারে।
- (১৪) অফিস প্রবেশ এবং অবস্থানকালীন বাধ্যতামূলকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরা নিশ্চিত করতে হবে। স্বাস্থ্যবিধি মেনে চলা দাপ্তরিকভাবে নিশ্চিত করতে হবে।
- (১৫) টিকা নেওয়া থাকলেও বাইরে বের হলে অবশ্য মাস্ক পরতে হবে। কোভিড-১৯ রোগ নিয়ন্ত্রণ ও হ্রাস করার নিমিত্ত কমিউনিটি পর্যায়ে মাস্ক পরাসহ স্বাস্থ্যবিধি মেনে চলার সচেতনতা তৈরির জন্য মাইকিং ও প্রচারণা চালানো যেতে পারে। এ ক্ষেত্রে প্রয়োজনে মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডার মাইক ব্যবহার করা যেতে পারে এবং ওয়ার্ড কাউন্সিলর বা ইউনিয়ন পরিষদের সদস্যসহ নির্বাচিত জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা যেতে পারে।



(শেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ফোন: ৫৮১৫২৮০২

ই-মেইল: [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)



চলমান পৃষ্ঠা-২

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,.....বিভাগ, জেলা:.....।
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.....অঞ্চল, জেলা:.....।
- (৫) প্রকল্প পরিচালক,....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:.....।
- (৭) নির্বাহী প্রকৌশলী ও সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।